[redacted]

২০/৭/২০০৩
তারিখ ........
পৃষ্ঠা ...১৮... কলাম ...৭......

# মাদারীপুর আলিয়া মাদ্রাসায় শিক্ষক আছে, ছাত্র নেই

**মাদারীপুর প্রতিনিধি**

মাদারীপুর আহমদিয়া আলিয়া মাদ্রাসায় চলতি বছর জানুয়ারি মাস থেকে আলিম, ফাজিল এবং কামিল শ্রেণীতে ১ জন ছাত্রও নেই। এই তিনটি শ্রেণীর জন্য ৯ জন শিক্ষক প্রতিমাসে প্রায় ৭০ হাজার টাকা বেতন গ্রহণ করছেন। স্থানীয় শিক্ষা বিভাগীয় কর্তৃপক্ষ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড এ তথ্য জেনেও না জানার ভান করছে। শিক্ষকদের অযোগ্যতা ও অদক্ষতার কারণেই মাদ্রাসাটি ক্রমান্বয়ে ছাত্রশূন্য হয়ে পড়েছে বলে অভিযোগ রয়েছে। মাদ্রাসার এবতেদায়ী শাখা ছাড়া অন্য শ্রেণীতে ছাত্রছাত্রীর সংখ্যা খুবই কম। ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত যে পরিমাণ ছাত্রছাত্রী থাকার কথা তার অর্ধেক ছাত্রছাত্রীও নেই। খাতাপত্রে ছাত্রছাত্রী থাকলেও বাস্তবে এর চিত্র ভিন্ন। অথচ মাদ্রাসাটি বিশ্ববিদ্যালয় সমমর্যাদার।